

## প্রধানমন্ত্রীকে আহ্বায়ক করে জাতীয় পরিবেশ কমিটি গঠন

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৮:২৮ পিএম, ২৬ ফেব্রুয়ারি ২০১৯

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আহ্বায়ক করে জাতীয় পরিবেশ কমিটি গঠন করা হয়েছে। **৩৪** সদস্যবিশিষ্ট এই কমিটিতে পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়ের সচিবকে সদস্য সচিব করা হয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম-সচিব ড. আবু সালেহ্ মোস্তফা কামাল স্বাক্ষরিত এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন আজ মঙ্গলবার জারি করা হয়েছে।

কমিটিতে কৃষি, অর্থ, স্থানীয় সরকার, পরিকল্পনা, খাদ্য, ভূমি এবং পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়ের মন্ত্রী, পানি সম্পদ, নৌপরিবহন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়ের উপমন্ত্রী সদস্য রয়েছে।

এ কমিটিতে বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব, সরকারি বিভিন্ন দফতর, অধিদফতর এবং সংস্থার পাশাপাশি বাংলাদেশ শিল্প ও বণিক সমিতির সভাপতি পিকেএসএফ'র চেয়ারম্যান ড. খলীকুজ্জামান আহমেদ এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. আইনুন নিশাতকে সদস্য হিসেবে রাখা হয়েছে।

জাতীয় পরিবেশ নীতি বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগের মাধ্যমে কার্যক্রম পরিবীক্ষণ ও পর্যালোচনা করবে এই কমিটি। পরিবেশ-সংক্রান্ত বিভিন্ন আন্তঃমন্ত্রণালয়ের সমস্যা

দূরীকরণে প্রাথমিক পদক্ষেপ নেবে এবং প্রয়োজনবোধে জাতীয় কমিটিতে উপস্থাপন করবে।

কমিটি বছরে অন্তত একবার বৈঠকে মিলিত হবে।